বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
(২০২৭ ও ২০২৮) মেয়াদের নির্বাচন কমিশন কার্যালয়
অবসর ভবন
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ৪৮১২২৯৮৭, ২২২২৪০১৮৯
Email – brgewa@gmail.com

নং: নি: ক:/২৭-২৮- ০৫/২(৩)

তারিখ: ২৪ নভেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

সূত্রঃ ২০২৭ ও ২০২৮ মেয়াদের কার্যনির্বাহী কমিটির নির্বাচন সংক্রান্ত গঠিত নির্বাচন কমিশনের ৭ম সভার কার্যবিবরণী।

সূত্রে উল্লিখিত কমিশনের সভার কার্যবিবরণী এবং সমিতির সংশোধিত নির্বাচন বিধিমালা-২০২৬ অনুযায়ী সমিতির আসন্ন নির্বাচন সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে মনোনয়নপত্র বিতরণ ও দাখিল সংক্রান্ত তথ্য প্রদান করা হলোঃ

(১) মনোনয়নপত্র সংগ্রহের জন্য ৬ ডিসেম্বর (রবিবার) ২০২৬ থেকে ১৩ ডিসেম্বর (রবিবার) ২০২৬ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

(২) মনোনয়নপত্র দাখিলের জন্য ১৭ ডিসেম্বর (বৃহস্পতিবার) ২০২৬ থেকে ২৭ ডিসেম্বর (রবিবার) ২০২৬ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে এবং প্রতিটি মনোনয়নপত্রের মূল্য পদ নির্বিশেষে ২০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) নির্ধারণ করা হয়েছে ।

(৩) জামানত বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) মনোনয়নপত্র দাখিলের সময় জমা দিতে হবে।

(৪) মনোনয়নপত্র দাখিলের সময় প্রার্থীর পরিচিতি পুস্তিকায় জীবনবৃত্তান্ত প্রকাশের জন্য প্রত্যেক প্রার্থীকে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে জমা দিতে হবে। তবে কেউ যদি মনোনয়নপত্র প্রত্যাহার করেন বা কারো মনোনয়নপত্র বাতিল হয় সেক্ষেত্রে পরিচিতি পুস্তিকার জন্য প্রদত্ত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফেরত প্রদান করা হবে।

(৫) অবসর সমিতির হিসাব শাখায় নির্ধারিত টাকা জমা করে রশিদ সংগ্রহ করতে হবে এবং মূল রশিদ মনোনয়নপত্র দাখিলের সাথে সংযুক্ত করতে হবে।

মোঃ মোখলেছুর রহমান খান
২৪/১১/২০২৬
মোঃ মোখলেছুর রহমান খান
রিটার্নিং অফিসার

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। প্রশাসক, বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি, ঢাকা।
২। প্রধান নির্বাচন কমিশনার, সমিতির ২০২৭ ও ২০২৮ মেয়াদের নির্বাচন কমিশন কার্যালয়।

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া হলো :

১। সহকারী পরিচালক (প্রশাসন/হিসাব), বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি, ঢাকা।
২। প্রশাসকের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি, ঢাকা।
৩। নোটিশ বোর্ড।